# জানুয়ারি ২০২৪ মাসে অনুষ্ঠিত জেলা এনজিও বিষয়ক সমন্বয় সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব আব্দুল্লাহ-আল-মামুন<br>জেলা প্রশাসক (ভারপ্রাপ্ত), পাবনা |
| স্থান | : | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, পাবনা |
| তারিখ | : | ২৩ জানুয়ারি ২০২৪ |
| সময় | : | সকাল ১০:৩০টা |

উপস্থিত/অনুপস্থিত সংস্থার নামের তালিকা : পরিশিষ্ট - 'ক'।

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয় এবং গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর জেলার এনজিও সমূহের কার্যক্রম সংশ্লিষ্ট নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র:নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১. | অগ্রগতি প্রতিবেদন | সভার শুরুতে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) পাবনা গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ও সভায় উত্থাপনযোগ্য বিষয়াবলি নিয়মিত প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন। জেলা এনজিও বিষয়ক সমন্বয় সভার সকল সদস্যকে নিয়মিত আলোচ্য সভার ০১ (এক) সপ্তাহ পূর্বেই আবশ্যিকভাবে বাস্তবায়িত অগ্রগতি প্রতিবেদন ও সভায় উত্থাপনযোগ্য তথ্য প্রেরণের জন্য অনুরোধ করা হয়। | **জেলা এনজিও বিষয়ক সমন্বয় সভার ০১ (এক) সপ্তাহ পূর্বে বাস্তবায়িত অগ্রগতি প্রতিবেদন/ কর্মপত্র প্রেরণ করতে হবে।** | জেলা এনজিও বিষয়ক সমন্বয় সভার সকল সদস্য। |
| ০২. | বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন হার | গত ডিসেম্বর/২০২৩ মাসে অনুষ্ঠিত জেলা এনজিও বিষয়ক সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন হার পর্যালোচনা করা হয়, যা নিম্নরূপ:<br>বিগত সভার সিদ্ধান্ত: ০৮টি; সিদ্ধান্ত বাস্তবায়ন: ০৮টি; বাস্তবায়নের হার: ১০০% | **শতভাগ সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে সচেষ্ট হতে হবে।** | জেলা এনজিও বিষয়ক সমন্বয় সভার সকল সদস্য। |

| ক্র: নং | এনজিও'র নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১. | **অনন্য সমাজ কল্যাণ সংস্থা, পাবনা** | ২৭৫ জন সুবিধাভোগীকে গ্রামীন ও নগর ক্ষুদ্র ঋণ, ৭৬ জনকে ক্ষুদ্র উদ্যোগী ঋণ এবং ১৬১ জন প্রান্তিক ও ক্ষুদ্র চাষির মধ্যে ক্ষুদ্রঋণ (সুফলন), ৪১২ জনকে কৃষিঋণ বিতরণ করা হয়েছে। ৭১৩ জন রোগীকে প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে। এছাড়া ডিসেম্বর/২০২৩ মাসে মোট ৩,৪৩,৪২,০০০/- টাকা ক্ষুদ্রঋণ বিতরণ করা হয়। | **ঋণ প্রদান কার্যক্রম আইনানুগভাবে পরিচালনা করতে হবে।** | নির্বাহী পরিচালক, অনন্য সমাজ কল্যাণ সংস্থা, পাবনা। |
| ০২. | আশা পাবনা | ১১ জনকে ওয়েস্টার্ন ইউনিয়ন ও এনবিএল কুইক পে এর মাধ্যমে প্রবাসীদের পাঠানো ২,১৫,৬১৩/- টাকা প্রদান করা হয়েছে। স্যানিটেশন কার্যক্রমের আওতায় ১৪ জনকে ২,১০,০০০/- টাকা; সংকর জাতের গাভী প্রকল্পের আওতায় ৫১ জনকে ১,১৪,৬০,০০০/-টাকা; পাওয়ারটিলার খাতে ৭৫ জনকে ৫৩,৫০,০০০/- টাকা এবং বায়োগ্যাস প্রকল্পের আওতায় ২৯ জনকে ৭৮,৪৬,০০০/-টাকা ঋণ প্রদান করা হয়েছে। এছাড়াও অত্র সংস্থা থেকে ভার্মিকম্পোষ্ট কার্যক্রম ও সবজি সংরক্ষনের জন্য কুলিং সেন্টার স্থাপন করা হয়। | সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | জেলা ম্যানেজার আশা, পাবনা। |
| ০৩. | আসিয়াব, পাবনা | আসিয়াব পাবনা জেলায় বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়ন করে যাচ্ছে। আসিয়াব কমিউনিটি হাসপাতাল এর মাধ্যমে চরাঞ্চল সহ সংশ্লিষ্ট এলাকায় গরীব দু:স্থ্য অসহায় পিছিয়ে পড়া জনগোষ্ঠীর মাঝে স্বল্পমূল্যে ও বিনামূল্যে চিকিৎসা প্রদান করে আসছে। পুরুষ ২৭০ জন নারী ২৩৫ জন ও শিশু ৮০ জনকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। ক্ষুদ্রঋণ কর্মসূচির আওতায় ২৮০ জন সদস্য ভর্তি, ২৬৮৫৭৭১/- টাকা সঞ্চয় আদায়, ২১৯০০০০০/-টাকা ঋণ বিতরণ, ২০১৩০৯৫৪/-টাকা ঋণ আদায়, ১৩৬৬১২৪১৩/-টাকা ঋণ স্থিতি রয়েছে। স্বল্প ব্যয়ে চোখে ছানি অপারেশন কর্মসূচির আওতায় ১০০ জনকে বগুড়া গ্রামীন চক্ষু হাসপাতাল থেকে ছানি অপারেশন করানো হয়েছে। শিক্ষা কর্মসূচির আওতায় আসিয়াব শিক্ষা নিকেতন এর মাধ্যমে ২৫০ জন ছাত্র-ছাত্রীকে শিক্ষা প্রদান এবং প্রাক প্রাথমিক শিক্ষা কর্মসূচির আওতায় ৩০০ জন ছাত্র-ছাত্রীকে শিক্ষা উপকরণ প্রদান পুষ্টি জাতীয় খাদ্য প্রদান এর মাধ্যমে পুষ্টি নিশ্চিত করনে কাজ করা হচ্ছে। এছাড়া ওয়াটার স্যানিটেশন নিরাপদ পানি, | সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | ডিরেক্টর প্রোগ্রাম, আসিয়াব, পাবনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রাক প্রাথমিক শিক্ষা, সামাজিক বনায়ন, প্রতিবন্ধীদের উন্নয়ন, ত্রাণ পুর্নবাসন, মানবিক সহায়তা, নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ, প্রাথমিক স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা পুষ্টি সেবা প্রকল্পের কার্যক্রম চলমান। উল্লেখ্য যে আসিয়াব সবুজ পল্লী জীবন জীবিকায়ন কর্মসূচির আওতায় ১২০ জন হতদরিদ্র নারীকে হাঁস মুরগী ও ছাগল পালন বিষয়ের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | | |
| ০৪. | এফ.পি.এ.বি পাবনা | Advocacy for IUCD in nulliparous women, Comprehensive Sexuality for Youths, Gender and Youth Friendly Service, Community Based Distribution, Static Clinic and Women Empowerment প্রকল্পের আওতায় কাউন্সিলিং ঃ ৬৫ জন, ইনজেকটেবল ঃ ৩১৮ জন, আইইউডি ঃ ৩১ জন, ইমপ্ল্যানন ঃ ২৪, এমআর ঃ ১৯, স্থায়ী পদ্ধতি ঃ ১, খাবার বড়ি বিতরণ ঃ ৯৬০ চক্র, ইসিপি বিতরন ঃ ১২১ প্যাকেট, এসটিআই/ আরটিআই সেবা ঃ ১৪ জন, এএনসি ঃ ২৬ জন, পিএনসি ঃ ২ জন, প্যাথলজী সেবা ঃ ৩৩ জন, প্রেগনেন্সি টেস্ট ঃ ১৭১ জন, ডায়াবেটিকস টেস্ট ঃ ১১ জন, এসআরএইচসেশন ঃ ০১, অংশগ্রহনকারী ঃ ০৭, আল্ট্রাসোনোগ্রাফী ঃ ৫৩, সাধারণ স্বাস্থ্য সেবা ঃ ৪৪৩ জনকে প্রদান করা হয়েছে। | সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | জেলা কর্মকর্তা, এফ.পি.এবি. পাবনা। |
| ০৫. | ওয়াই.ডাব্লিউ.সি.এ. পাবনা | **সংস্থাটির চলমান কার্যক্রম সমূহঃ** ১। জেন্ডার সমতা এবং সামাজিক অন্তর্ভুক্তিকরণ উঠান বৈঠক-১টি, ২। যৌন এবং লিঙ্গাবিত্তিক সহিংসতা প্রতিরোধ ও সুরক্ষায় উঠান বৈঠক-১টা, ৩। জলবায়ু ন্যায্যতা উঠান বৈঠক-১টা, ৪। ন্যায়বিচারের সাথে শান্তি প্রতিষ্ঠা বিষয়ক উঠান বৈঠক-২টি, ৫। স্বাস্থ্যে নারীর অধিকার বিষয়ক উঠান বৈঠক-২টি, ৬। স্বাস্থ্য শিক্ষা-১টি, ৭। নেটওর্য়াক কার্যক্রম-১টি\| | সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | সাধারণ সম্পাদিকা, ওয়াই. ডাব্লিউ. সি.এ পাবনা। |
| ০৬. | ওসাকা, পাবনা | ১। **ক্ষুদ্রঋণ কার্যক্রম:** প্রতিবেদনাধীন মাসে ৬,২৪৩ জন সদস্যকে ৩৮,৮৮,৬৫,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। বর্তমান ৫৭,৫১৩ জন সদস্যর মাঝে ২৭২,৪০,২৯,৯৬৬/- টাকা ঋণ স্থিতি রয়েছে। মোট সদস্য ৬৭,৮৫৬ জন, মোট সঞ্চয় ৭৫,২১,৬০,২৮১/-টাকা, ক্রমপুঞ্জিভুত আদায়ের হার ৯৯.৪০।<br>২। **সমৃদ্ধি কর্মসূচি:** (ঈশ্বরদী উপজেলার সাহাপুর ইউনিয়নে ১৪টি গ্রামের ১২,৬০৯ টি খানার মধ্যে সেপ্টেম্বর'১৪ সাল থেকে সমৃদ্ধি প্রকল্পটি চলমান রয়েছে। মোট জনসংখ্যা ৪১৬৩৩ জন।)<br>৩। **কৈশোর কর্মসূচি:** পাবনা জেলার ঈশ্বরদী ও সদর উপজেলায় জুলাই'২০ মাস থেকে কর্মসূচিটি চলমান রয়েছে। কর্ম এলাকার সুবিধা বঞ্চিত পাড়া-মহল্লায় ক্লাব গঠন করে কিশোর কিশোরীদের সংগঠিত করা হয় এবং স্কুলের ছাত্র-ছাত্রীদের নিয়ে গঠন করা হয় স্কুল ফোরাম। এ অর্থবছরে শুধু পাবনা সদর উপজেলার প্রতিটি ইউনিয়নের ওয়ার্ডভিত্তিক কিশোরী ও কিশোর ক্লাব গঠন করা হয়েছে। মোট ক্লাব ১৯৮টি। কিশোর ক্লাব ৯৯টি ও কিশোরী ক্লাব ৯৯টি। সদস্য সংখ্যা ৪,৫৮৮ জন।<br>**ক) মেন্টরদের উপজেলা মাসিক সমন্বয় সভা :** ক্লাব পরিচালনা ও পরবর্তী বছরের বাজেট ও কর্মপরিকল্পনা সংক্রান্ত আলোচনা করা হয়। ২২ জন পুরুষ ও ২১ জন ও নারী মেন্টর এতে অংশগ্রহণ করে।<br>**খ) সফ্‌ট স্কিল উন্নয়ন প্রশিক্ষণ কর্মশালা :** ১টি ইউনিয়নের কিশোর কিশোরীদের নিয়ে শুদ্ধাচার, কবিতা আবৃত্তি ও উপস্থিত বক্তৃতা অনুষ্ঠান করা হয়েছে।<br>**গ) সামাজিক ও স্বাস্থ্য সচেতনতামূলক কার্যক্রম :** ৪টি ইউনিয়নে ডেঙ্গু, মাদক, বাল্যবিবাহ ও যৌতুক প্রতিরোধের করণীয় নিয়ে আলোচনা হয়েছে ।<br>**ঘ) সাংস্কৃতিক ও ক্রীড়া কর্মকান্ড :** ২টি ইউনিয়নে ফুটবল প্রতিযোগিতা ইউনিয়ন পর্যায়ে বাছাই ফাইনাল করা হয়েছে।<br>৪। **শিক্ষা কার্যক্রম:** বৌটুবানী পাঠশালা: ওসাকা'র নিজস্ব অর্থায়নে ঈশ্বরদী উপজেলার সাহাপুর ইউনিয়নের চরগড়গড়ি গ্রামে ২০০৪ সালে বৌটুবানী পাঠশালা নামে একটি প্রাথমিক বিদ্যালয় চালু করা হয়। বর্তমান ছাত্র-ছাত্রী সংখ্যা ২২৬ জন। ১টি নতুন ভবন নির্মাণাধীন রয়েছে । কেরামত আলী বিশ্বাস উচ্চ বিদ্যালয়: পাবনা সদর উপজেলার হিমাইতপুর ইউনিয়নের ভবানীপুর গ্রামে ২০১৬ সালে প্রেতিষ্ঠা করা হয়েছে। বর্তমান ছাত্র-ছাত্রী সংখ্যা ৬৮ জন।<br>**৫। রিকভারি এন্ড এডভান্সমেন্ট অফ ইনফরমাল সেক্টর এমপ্লয়মেন্ট (রেইজ) :** ১৯ অক্টোবর ২২ তারিখে রেইজ প্রকল্পটির জন্য পিকেএসএফ ও ওসাকা'র | **সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে।** | পরিচালক, ওসাকা, পাবনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | মধ্যে চুক্তি হয়েছে। ১ নভেম্বর'২২ তারিখ থেকে মাঠ পর্যায়ে জরিপ চলমান রয়েছে । প্রকল্পটি চলবে আগামী ৫ বছর ।<br>**বাস্তবায়িত কার্যাবলী :** বর্তমানে রেইজ প্রকল্পের আওতায় ক্ষতিগ্রস্থ ৪০০ জন উদ্যোক্তার মাঝে ৪ কোটি টাকা ঋণ প্রদান করা হয়েছে। এই ৪০০ জন উদ্যোক্তাকে ঝুঁকি ব্যবস্থাপনা ও ব্যবসায় ধারাবাহিকতা বিষয়ক প্রশিক্ষণ দেওয়া হয়েছে। প্রকল্পের বিষয়বস্তু নিয়ে নাটক মঞ্চস্থ হয়েছে ২টি স্থানে।<br>**ওস্তাদের অধীনে প্রশিক্ষণ** : ৪ অক্টোবর'২৩ তারিখ থেকে ৬৮ জন তরুণ-তরুণীকে ৬ মাস মেয়াদী বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে ভর্তি করা হয়েছে। ৩৪ জন দক্ষ ওস্তাদের অধীনে এই প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। প্রশিক্ষণ অব্যাহত রয়েছে।<br>ক) ডিসেম্বর'২৩ মাসে ১৬০ জন ক্ষুদ্র উদ্যোক্তাকে নিয়ে ১৬ দিন ব্যাপী ব্যবসা "ব্যবস্থাপনা ও উদ্যোগ উন্নয়ন" প্রশিক্ষণ শুরু হয়েছে।<br>খ) ডিসেম্বর'২৩ মাসে ১৭ জন মাস্টার ক্র্যাফটপার্সনকে ০২ দিনের ওরিয়েন্টেশন দেওয়া হয়েছে। | | |
| ০৭. | জাগরণী চক্র ফাউন্ডেশন, পাবনা | সদস্য সংখ্যা-২২৪৪২ জন; ঋণী সংখ্যা-১৯৫৯৯ জন; ঋণ বিতরণ-১২,৫৯,৭৮,০০০/-টাকা; ঋণ আদায়-১১,০৪,০১,৯২৭/-টাকা; ঋণ স্থিতি-১৪৬,৯০,৯৪,৮৬৬/- টাকা; সঞ্চয় আদায়- ১,৫৪,১৯,০০৯/-টাকা; সঞ্চয় ফেরত- ১,৫২,৩৩,৬৯৯/- টাকা; সঞ্চয় স্থিতি-৩৬,৮৬,০৯,৯২৩/- টাকা এবং মৃত সদস্যের অনুদান ৭,৯৪,৩৮৩/- টাকা প্রদান করা হয়েছে। এছাড়া স্বাস্থ্য সেবা খাতে ১১ জনকে বিনা মূল্যে চিকিৎসা প্রদান করা হয়েছে। | সরকারি নীতিমালা অনুসরণ করে ক্ষুদ্রঋণ প্রদান ও আদায় করতে হবে। | জোনাল ম্যানেজার, জাগরণী চক্র ফাউন্ডেশন, পাবনা। |
| ০৮. | টিএমএসএস, পাবনা | অত্র সংস্থা কর্তৃক ক্ষুদ্রঋণ কার্যক্রম; প্রবাসীদের পাঠানো অর্থ প্রদান, গবাদিপশু সুরক্ষা, কাবিটা প্রকল্প ও বিডি রুরাল ওয়াশ প্রকল্প চলমান। আলোচ্য মাসে ক্ষুদ্র ঋণ কর্মসূচির আওতায় ১৯১৮ জনকে ১১,২২,২২,০০০/- টাকা বিতরণ করা হয়েছে। এছাড়া স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও ওয়াশ কার্যক্রমের আওতায় ৩৬৪৪টি নলকূপ ও ল্যাট্রিন স্থাপন করা হয়। | শিক্ষা ও সামাজিক সচেতনতামূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | জোন প্রধান, টিএমএসএস, পাবনা। |
| ০৯. | দিগন্ত সমাজ কল্যাণ সমিতি, পাবনা | আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন কর্মসূচির আওতায় সুবিধাভোগীর সংখ্যা ৪৪৩০০ জন; উপানুষ্ঠানিক শিক্ষা/বয়স্ক শিক্ষা কর্মসূচির আওতায় সুবিধাভোগীর সংখ্যা ১০৮০০ জন; তাঁতী মহিলা উন্নয়ন প্রকল্পের আওতায় সুবিধাভোগীর সংখ্যা ২১৫ জন; স্বাস্থ্য, স্যানিটেশন ও পুষ্টি কর্মসূচির আওতায় সুবিধাভোগীর সংখ্যা ৪৮৩জন; স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মসূচির আওতায় সুবিধাভোগীর আওতায় সুবিধাভোগীর সংখ্যা ২৪০ জন। | সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | নির্বাহী পরিচালক, দিগন্ত সমাজ কল্যাণ সমিতি, পাবনা। |
| ১০. | দর্পণ সমাজ উন্নয়ন সংস্থা, পাবনা | ৭৯০ জনকে পারিবারিক স্বাস্থ্যসেবা, ১৮ জনকে এইচআর এন্ড আইন সচেতনতা শিক্ষা প্রদান করা হয়েছে; ০৭টি অভিযোগের প্রেক্ষিতে ০৩টি মিমাংসা করা হয়েছে; ভরণপোষন বাবদ ১,৪০,০০০/- টাকা আদায় করে দেয়া হয়েছে। | সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | নির্বাহী পরিচালক, দর্পণ সমাজ উন্নয়ন সংস্থা, পাবনা। |
| ১১. | দুলাই জনকল্যাণ সংস্থা, সুজানগর, পাবনা | ইএসপি শিক্ষা কর্মসূচির আওতায় ২৪টি স্কুলের ৫৪০ জন ছাত্র/ছাত্রী; ইএসপি শিক্ষা কর্মসূচির (প্রাক প্রাথমিক) আওতায় ০৫টি স্কুলের ১৫০ জন ছাত্র/ছাত্রী শিক্ষা প্রদান করা হয়। | শিক্ষা ও সামাজিক সচেতনতামূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | পরিচালক, দুলাই জনকল্যাণ সংস্থা, পাবনা। |
| ১২. | পিসিডি, পাবনা | **ক্ষুদ্র ঋণ কার্যক্রম-** এ মাসে ৪১৩১জন সুবিধাভোগীকে ৩০,৬৬,৩৫,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। **সমৃদ্ধি কর্মসূচি-** ১০টি স্ট্যাটিক ক্লিনিক আয়োজন করা হয়, সেবা প্রদান করা হয়েছে ১৭০ জনকে, ডায়াবেটিক পরীক্ষা করা হয় ১২৫ জনের এবং ৪০টি স্বাস্থ্য কার্ড বিক্রি করা হয়। এছাড়া ১৫ জন গর্ভবর্তী এবং প্রসূতী ১০ জন নারীকে স্বাস্থ্যসেবা প্রদান করা হয়। **প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন-** আলোচ্য মাসে চাটমোহর উপজেলার গুনাইগাছা ইউনিয়নের ০২টি প্রবীণ ওয়ার্ড মিটিং অনুষ্ঠিত হয়। এছাড়া ৩০ জন প্রবীণদের মাঝে স্বল্পসুদে ৯,০০,০০০/- টাকার ঋণ সহায়তা প্রদান করা হয় প্রবীণদের জীবনযাত্রার মান উন্নয়নের জন্য। **কৈশোর কর্মসূচি-**৪টি ব্লাড গ্রুপিং এর মাধ্যমে ১০০ জনের ব্লাড গ্রুপ নির্ণয় করা হয়েছে। NOREC প্রজেক্ট- নারীর প্রসব পূর্ব সেবা প্রদান-১৫জন, নারীর প্রসব পরবর্তী যত্ন ও সেবা প্রদান-১০ জন এবং নবজাতক ও শিশু স্বাস্থ্যের উন্নয়ন-১৫ জনকে প্রদান করা হয়েছে। SEP প্রজেক্ট- ভাড়ারা ইউনিয়নের খাচচড়ে নিরাপদ গুড়ের প্লান্ট স্থাপন ও ইকো-ট্যুরিজম এবং খেয়াঘাট নির্মাণ কাজ শেষ। বর্মমানে দেশে ও দেশের বাইরে নিরাপদ গুড় বিপণন করা হচ্ছে। | সকল প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | নির্বাহী পরিচালক, পিসিডি, পাবনা। |
| ১৩. | পাবনা প্রতিশ্রুতি, পাবনা | **সংস্থাটি চলমান কার্যক্রম সমূহঃ** ১) ঋণ কার্যক্রম: ২) গৃহায়ণ প্রকল্প, ৩) প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন; ৪) দারিদ্র দূরীকরণের লক্ষ্যে দরিদ্র পরিবারসমূহের সম্পদ ও সক্ষমতা বৃদ্ধি (সমৃদ্ধি) প্রকল্প: ৫) সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (পাবনা জেলায় টেকসই পেঁয়াজ উৎপাদনমূলক উপ-প্রকল্প): ০৬) রেইজ প্রকল্প চলমান রয়েছে। | সকল প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | নির্বাহী পরিচালক, পাবনা প্রতিশ্রুতি, পাবনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪. | প্রত্যাশা, সাধুপাড়া, পাবনা | আলোচ্য মাসে বাস্তবায়িত কর্মসূচি: ভিজিডি কর্মসূচি, ল্যাকটেটিং মাদার কর্মসূচি, নারী উদ্যোক্তা উন্নয়ন কর্মসূচি, মানবাধিকার ও আইনগত সহায়তা কর্মসূচি। | সকল প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | নির্বাহী পরিচালক, প্রত্যাশা, পাবনা। |
| ১৫. | ব্র্যাক গাছপাড়া, পাবনা | বর্তমানে পাবনা জেলায় ব্র্যাকের সর্বমোট ১০ টি প্রকল্প ৬ টি সোশ্যাল এন্টারপ্রাইজ এর কার্যক্রম চলমান রয়েছে, সেগুলো হলোঃ 1. Advocacy for Play-early learning & socio- economic emotional development in Bangladesh, 2. Learning through play: Creating, Implementing and Sustaining a Model of playful Pedagogy in Government primary School in Bangladesh. 3. SDP's STAR- Skills Training for Advancing Resources, 4. Ultra- Poor Graduation Programme, 5. HNPP's SPA Supported Project, 6. Reading Glasses for Improved Livelihoods (RGIL) Phase-3, 7. Social Empowerment and Legal Protection, 8. Gender Justice and Diversity Programme, 9. Micro Finance Programme, and 10. BRAC Education Programme. এছাড়াও, ব্র্যাকের সোশ্যাল এন্টারপ্রাইজ এর মধ্যে আয়েশা আবেদ ফাউন্ডেশন (আড়ং উৎপাদন কেন্দ্র), ব্র্যাক সেরিকালচার এন্টারপ্রাইজ, মৎস্য চাষ প্রকল্প, বীজ উৎপাদন খামার, ব্র্যাক কৃত্রিম প্রজনন কর্মসূচি, এবং ব্র্যাক ডেইরি এন্ড ফুড প্রোজেক্ট পাবনা জেলায় চলমান রয়েছে। সকল প্রকল্পের কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সকল প্রকল্পের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করতে হবে। | ব্র্যাক প্রতিনিধি গাছপাড়া, পাবনা। |
| ১৬. | মুসলিম এইড, পাবনা | প্রতিবেদন না পাওয়ায় কার্যক্রম অর্ন্তভুক্ত করা সম্ভব হয়নি। | সভার ১ সপ্তাহ পূর্বে মাসিক প্রতিবেদন প্রেরণ করতে হবে। | শাখা ব্যবস্থাপক, মুসলিম এইড বাংলাদেশ, পাবনা। |
| ১৭. | মানবিক সাহায্য সংস্থা | প্রতিবেদন না পাওয়ায় কার্যক্রম অর্ন্তভুক্ত করা সম্ভব হয়নি। | **সভার ১ সপ্তাহ পূর্বে মাসিক প্রতিবেদন প্রেরণ করতে হবে।** | এরিয়া ব্যবস্থাপক মানবিক সাহায্য সংস্থা, পাবনা। |
| ১৮. | যমুনা সমাজ কল্যাণ সংস্থা | প্রতিবেদন না পাওয়ায় কার্যক্রম অর্ন্তভুক্ত করা সম্ভব হয়নি। | সভার ১ সপ্তাহ পূর্বে মাসিক প্রতিবেদন প্রেরণ করতে হবে। | নির্বাহী পরিচালক যমুনা সমাজ কল্যাণ সংস্থা, পাবনা। |
| ১৯. | লেপ্রা বাংলাদেশ, পাবনা | **আলোচ্য মাসে কার্যক্রম**, কমিউনিটি লিডার মিটিং-০২টি, স্বাস্থ্য কর্মী প্রশিক্ষণ-০৮টি, ডাক্তার প্রশিক্ষণ-০১টি, সেল্প কেয়ার প্রশিক্ষণ-০১, কন্ট্রাক সার্ভে:০৩টি, এডভোকেসী-০৭, স্কুল ক্যাম্প-০৯, সন্দেহভাজন কুষ্ঠ রোগী পরীক্ষা-৯০৮ জন, সনাক্তকৃত রোগী-১০ জন, চিকিৎসা সম্পন্নকারী রোগী-১০ জন, চিকিৎসাধীন রোগী-১৫ জন। | সকল কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করতে হবে। | জেলা সমন্বয়কারী লেপ্রা বাংলাদেশ পাবনা। |
| ২০. | সিসিডিবি, জালালপুর | **আলোচ্য মাসে সংস্থার বাস্তবায়িত কার্যক্রম:** ০১। নারীর ক্ষমতায়ন, জেন্ডার সমতা এবং ন্যায্যতা বিষয়ক উঠান বৈঠক-০২টি, ০২। ডিজিটাল এ্যাপস্ বিষয়ক উঠান বৈঠক-০১ টি, ৩। উপজেলা পর্যায়ে স্টেকহোল্ডারদের মিটিং-০১টি অনুষ্ঠিত হয়। | সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | এরিয়া ব্যবস্থাপক সিসিডিবি, জালালপুর, পাবনা। |
| ২১. | স্বর্ণালী মহিলা সমিতি | সংস্থাটি কর্তৃক পরিচালিত কার্যক্রম সমূহ: উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা কার্যক্রম-স্কুল-২০টি, শিক্ষার্থী-৬০০ জন। মা-শিশুস্বাস্থ্য; প্রজনন স্বাস্থ্যসেবা ও পুষ্টি কর্মসূচি- দীর্ঘ মেয়াদী পদ্ধতি-০০, স্বল্প মেয়াদী-২৩৬৬, প্রজনন স্বাস্থ্যসেবা-১৩৭, দলীয় সভা-০২, গর্ভবতী পরিচর্যা-১২, গর্ভোত্তর পরিচর্যা-০৬, নারী ক্ষমতায়ন, ইপিআই কর্মসূচি। | সকল কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করতে হবে। | নির্বাহী পরিচালক, স্বর্ণালী মহিলা সমিতি। |
| ২২. | সূচনা সমাজ কল্যাণ সংস্থা | আয় বৃদ্ধিমূলক কর্মসূচি-সদস্যদের হাতে তৈরী জিনিসপত্র বাজারজাত করতে ১০০ জন ব্যক্তিকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা হয়েছে। প্রতিবন্ধী স্বাস্থ্যসেবা কর্মসূচি-প্রতিবন্ধী চিহ্নিতকরণ, ডাক্তার দ্বারা পরীক্ষা করে প্রতিবন্ধীতা সনাক্তকরণ এবং অসুস্থ্য অবস্থায় বিভিন্ন ক্লিনিকে ৩০ জনকে রেফার করা হয়েছে। মা ও শিশু স্বাস্থ্য বিষয়ক সচেতনতা বৃদ্ধি বাল্য বিবাহ প্রতিরোধ ও অধিকার আদায় সামাজিক আন্দোলন কর্মসূচি-উঠান বৈঠকের মাধ্যমে ৮০ জন ব্যক্তিকে সচেতন করা হয়েছে। নিরাপদ অভিবাসন কর্মসূচি-নিরাপদ অভিবাসন বিষয়ে ১৫০ জন ব্যক্তিকে বিভিন্ন বিষয় ও তথ্য দিয়ে আলোচনার মাধ্যমে সচেতন করা হয়েছে। | সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | নির্বাহী পরিচালক সূচনা সমাজ কল্যাণ সংস্থা। |
| ২৩. | আর এইচ স্টেপ, পাবনা | সংস্থাটি কর্তৃক নারী ও কিশোর-কিশোরীদের যৌন ও প্রজনন স্বাস্থ্য এবং মাতৃমৃত্যু ও অসুস্থতার হার কমিয়ে আনতে সরকারের এইচএনপিএসপি | সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা | ম্যানেজার, আর এইচ স্টেপ, পাবনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | লক্ষ্যসমূহ এবং স্বাস্থ্য বিষয়ক লক্ষ্য ৪ এবং ৫ অর্জনে কাজ করে যাচ্ছে। প্রকল্প এলাকায় সরকার ও অন্যান্য আকাঙ্খিত জনগোষ্ঠীর নিবিড় সহযোগীতার মাধ্যমে প্রজনন স্বাস্থ্যসেবা সহায়তা শক্তিশালী করা যাতে করে সেবাদানকারী, কমিউনিটি এবং জাতীয় পর্যায়সমূহে যৌন ও প্রজনন স্বাস্থ্য এবং অধিকার পরিস্থিতি আরো উন্নত ও শক্তিশালী হতে পারে। আলোচ্য মাসে ২৩২১ জন বিভিন্ন শ্রেনির রোগীদেরকে স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে। | করতে হবে। | |
| ২৪. | শুচিতা সমাজ উন্নয়ন সংস্থা | প্রতিবেদন না পাওয়ায় কার্যক্রম অন্তর্ভুক্ত করা সম্ভব হয়নি। | সভার ১ সপ্তাহ পূর্বে মাসিক প্রতিবেদন প্রেরণ করতে হবে। | নির্বাহী পরিচালক শুচিতা সমাজ উন্নয়ন সংস্থা। |
| ২৫. | মাশউক, পাবনা | আলোচ্য মাসে ক্ষুদ্রঋণ প্রদান করা হয়েছে ১,১১,১৪,০০০/- টাকা এবং ঋণ গ্রহণ করেছেন ২৯০ জন। বাল্য বিবাহ প্রতিরোধ, শিক্ষা বিস্তার, বিষমুক্ত খাদ্য উৎপাদন, আর্সেনিক ও অন্যান্য সামাজিক সচেতনতা বিষয়ক কর্মসূচিতে অংশগ্রহণ করেছেন ১৩০৮ জন। | সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | ম্যানেজার, মাশউক, সুজানগর, পাবনা। |
| ২৬. | কাশিনাথপুর গণস্বাস্থ্য কেন্দ্র | সংস্থাটি তার কর্ম এলাকার জনগণের স্বাস্থ্য সেবা ও পরিবার পরিকল্পনা বিষয়ে বিভিন্ন প্রকার কার্যক্রম পরিচালনা করে। | সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | স্বাস্থ্য ইনচার্জ কাশিনাথপুর গণস্বাস্থ্য কেন্দ্র, পাবনা। |
| ২৭. | অধিকার সমাজ কল্যাণ সংস্থ্য | প্রতিবেদন না পাওয়ায় তথ্য অর্ন্তভুক্ত করা যায়নি। | **সভার ১ সপ্তাহ পূর্বে মাসিক প্রতিবেদন প্রেরণ করতে হবে।** | নির্বাহী পরিচালক, অধিকার সমাজ কল্যাণ সংস্থা, পাবনা। |
| ২৮. | এনডিপি, পাবনা | **ঋণ সহায়তা কর্মসূচি:** সমিতি গঠন-৩টি; সদস্য ভর্তি-২০০; সঞ্চয় আদায় ১,৪৮,৭০,৬৬৫/-টাকা; ঋণ বিতরণ (টাকা) ১৪,৭০,০৫,০০০/-টাকা; বীমা প্রদান-১৩ জন। **এলআইসিএইচএসপি (আবাসন ঋণ)**:- সদস্য ভর্তি-২৩ জন; ঋণী সংখ্যা-৮৪ জন; বিতরণকৃত ঋণের পরিমান (চলতি মাস) ৪,৯০,০০,০০০/- টাকা। | সকল প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | জোনাল ম্যানেজার, এনডিপি, পাবনা। |
| ২৯. | পল্লী একতা উন্নয়ন সংস্থা বুড়ো, পাবনা | সংস্থাটির চলমান কর্মসূচিসমুহ: ০১। বুড়ো পরিবার পরিকল্পনা মা ও শিশু স্বাস্থ্য সেবা হাসপাতাল। ০২। পরিবার পরিকল্পনা পদ্ধতি কার্যক্রম (কমিউনিটি বেসড ডিষ্টিবিউসন) পরিবার পরিকল্পনার পদ্ধতি সেবা "ইমপ্লানন ক্যাম্প", ০৩। ক্ষুদ্রঋণ কার্যক্রম- মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি(এমআরএ) কর্তৃক প্রাথমিক অনুমোদন প্রাপ্ত, ০৪।শিশু কেন্দ্রিক জলবায়ু পরিবর্তন অভিযোজন প্রকল্প এবং দুর্যোগ ঝুকিহ্রাস বিষয়ক কর্মসূচি, ০৫। কীটনাশক মুক্ত ফসল উৎপাদন প্রশিক্ষণ ও কম্পোষ্ট সার তৈরী প্রশিক্ষন, ০৬। চেতনায়ন ও অধিকার শীষক কর্মসূচি, এই প্রকল্পের আওতায় মোট ১৮২০ জন দরিদ্র প্রান্তিক নারী ও পুরুষ এর ৫৫ টি উন্নয়ন দল গরে উঠেছে, ০৭। উদীয়মান নারী প্রকল্প: এই প্রকল্পের নারী দের সক্ষমতা বৃদ্ধির লক্ষে বছরে ৪৬ জন নারী কে উদ্যোক্তা তৈরী করে গ্রামে গ্রামে অথবা বাড়িতে বসে বিভিন্ন জিনিস পত্র তৈরি বা আমদানি করে বিক্রির মাধ্যমে স্বাবলম্বী হওয়া, ০৮। ইমারজেন্সি রেসপন্স একটিভিটিস, ০৯। নিড এসেসমেন্ট একটিভিটিস (জরিপের মাধ্যমে তথ্য সংরক্ষণ ও তথ্য ভান্ডার তৈরি), ১০। সুবিধা বঞ্চিত পরিবারে বিশুদ্ধ পানির ব্যবস্থা করণ ও লেয়ার নিচে নামার রোধে গভীর নলকূপ স্থাপন কর্মসূচি, ১১। মহিলা উন্নয়ন প্রকল্পে "দর্জিবিজ্ঞান প্রশিক্ষণ" বিষয়ে ৬০ জন মহিলা প্রশিক্ষণার্থী বাছাই করা হয়েছে। | সকল প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | প্রধান নির্বাহী পরিচালক, পল্লী একতা উন্নয়ন সংস্থা (বুড়ো), পাবনা। |
| ৩০. | **প্রচেষ্টা সমাজ উন্নয়ন সোসাইটি** | প্রতিবেদন না পাওয়ায় তথ্য অর্ন্তভুক্ত করা যায়নি। | সভার ১ সপ্তাহ পূর্বে মাসিক প্রতিবেদন প্রেরণ করতে হবে। | নির্বাহী পরিচালক প্রচেষ্টা সমাজ উন্নয়ন সোসাইটি |
| ৩১. | গ্রাম উন্নয়ন কর্ম (গাক) | গ্রাম উন্নয়ন কর্ম (গাক) Small and Marginal Sized Farmers Agricultural Productivity and Diversification Financing Project (SMAP) এবং পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (PKSF) এর অর্থায়নে পাবনা জেলার অন্তর্গত নয়টি উপজেলায় প্রান্তিক কৃষকদের মাঝে কৃষি ও গবাদী পশু পালনের উপরে দক্ষতার সাথে ঋণ কার্যক্রম পরিচালনা ও কৃষকদের মাঝে উক্ত বিষয়ে পরামর্শ প্রদান করে আসছে। এছাড়াও পাবনা জেলার সদর, সুজানগর ও ঈশ্বরদী থানায় মোট ১২৭ টি গাক শিশু বিকাশ স্কুল পরিচালনা করে আসছে। | সরকারি নীতিমালা অনুসরণ করে ক্ষুদ্রঋণ প্রদান ও আদায় করতে হবে। | নির্বাহী পরিচালক গ্রাম উন্নয়ন কর্ম (গাক)। |
| ৩২. | বাংলাদেশ মহিলা পরিষদ | আলোচ্য মাসে বাংলাদেশ মহিলা পরিষদ, পাবনা জেলা শাখার মাসিক সভা-০১টি, উপপরিষদ সভা-০৪টি অনুষ্ঠিত হয়েছে। অভিযোগ গ্রহন ০২টি, তদন্ত ০২টি, সালিশী সভা-০২টি। সাইবার সহিংসতা বিষয়ে তরুনদের সাথে মতবিনিময় সভা-০১টি। সহিংসতা প্রতিকার বিষয়ে অংশীজনদের সাথে ০১টি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। এছাড়াও ভরণপোষণ ও দেনমোহর এর | সকল প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | সভাপতি বাংলাদেশ মহিলা পরিষদ, পাবনা জেলা শাখা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | মাসিক আদায় ১১,০০০/- টাকা। | | |
| ৩৩. | বুরো বাংলাদেশ, পাবনা | বুরো বাংলাদেশ পাবনা অঞ্চলের ডিসেম্বর/২৩ইং মাসের কার্যক্রম ঃ রেমিটেন্স সেবা দেয়া হয়েছে-১০২ জনকে ২৭,১৭,২৪৫/- টাকা, সঞ্চয় ও ক্ষুদ্রঋণ বিতরণ করা হয়েছে ৩৮,৪৩,৫২,৬৫৯/-টাকা, নগদ এর মাধ্যমে সদস্যরা ঋণের কিস্তি ও সঞ্চয় জমা দিয়েছে ২২২২ জন ২৫,৭৪,৯৭৭/-টাকা, বিকাশের মাধ্যমে সদস্যরা ঋণের কিস্তি ও সঞ্চয় জমা দিয়েছে ৭০৭২ জন ১,৪৭,৮২,৮৭৫/-টাকা, এছাড়া প্রণোদনা ঋণ কার্যক্রমে উপকার ভোগী ১৪৪৬ জন, ওয়াটার ক্রেডিট প্রোগ্রাম ঋণ দেয়া অব্যাহত আছে। | সরকারি নীতিমালা অনুসরণ করে ক্ষুদ্রঋণ প্রদান ও আদায় করতে হবে। | আঞ্চলিক ব্যবস্থাপক, ব্যুরো বাংলাদেশ, পাবনা। |
| ৩৪. | প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র | সংস্থাটি ক্ষুদ্র ঋণ কার্যক্রমের পাশা-পাশি মাদকাসক্তি প্রতিরোধ ও সচেতনতা বৃদ্ধি, নারী উন্নয়ন ও ক্ষমতায়ন ও দূর্যোগ ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম পরিচালনা করা হয়। | সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | জোনাল ম্যানেজার পাবনা জোন, প্রশিকা। |
| ৩৫. | আলহাজ্ব খোদেজা আমিন ফাউন্ডেশন (আকাফ), পাবনা | ০১। আলহাজ্ব খোদেজা আমিন পাঠাগারের বঙ্গবন্ধু কর্নারে বঙ্গবন্ধুর লেখা বই ও বঙ্গবন্ধুর জীবনাদর্শের উপর লেখা বই এবং মহান মুক্তিযুদ্ধভিত্তিক নতুন নতুন বই সংগ্রহের কাজ চলমান আছে। পাঠাগারের পল্লী সাহিত্য কেন্দ্রে গ্রামীন অবহেলিত কবি/ সাহিত্যিক/ লেখক/ গায়ক/ বাউল/ ছড়াকারদের অপ্রকাশিত লেখা/ পান্ডুলিপি/ গান/ কবিতা/মুখে রচিত গীত, ছড়া ইত্যাদি সংগ্রহ ও সংরক্ষণের কাজ চলমান আছে।<br>০২। জুলাই-ডিসেম্বর/২০২৩ সেশনে এই একাডেমির আওতায় ৪০ (চল্লিশ) জন ছাত্রছাত্রী ০৬ (ছয়) মাস মেয়াদী কম্পিউটার অফিস এপ্লিকেশন কোর্সে প্রশিক্ষণ গ্রহন করেছে।<br>০৩। আকাফ মা ও শিশু কল্যান কেন্দ্রের মাধ্যমে পল্লীর গর্ভবতী মা ও শিশুদের বিনামূল্যে চিকিৎসা সেবা এবং প্রজননক্ষম মহিলাদের পরিবার পরিকল্পনা সেবা প্রদান কাজ চলমান আছে। ১৫ জন মা ও শিশুকে বিনামুল্যে চিকিৎসা সেবা এবং ২৭ জন মহিলাকে পরিবার পরিকল্পনা সেবা প্রদান করা হয়েছে।<br>০৪। বাল্যবিবাহ, ধর্ষণ এবং নারী ও শিশু নির্যাতন রোধে সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম অব্যাহত আছে। | সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | নির্বাহী পরিচালক, আলহাজ্ব খোদেজা আমিন ফাউন্ডেশন (আকাফ), পাবনা। |
| ৩৬ | শাপলা সমাজ উন্নয়ন কেন্দ্র, পাবনা | সংস্থাটির চলমান কার্যক্রমসমূহ: নিরাপদ পানীয় সেনিটেশন কর্মসূচি, মৎস্য চাষ কর্মসূচি, ইন্টিগেটেড ফ্যামিলি হেলথ সার্ভিস প্রোগ্রাম, এ্যাডভোকেসি কর্মসূচি ও নারীর ক্ষমতায়ন। | সকল প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | নির্বাহী পরিচালক শাপলা সমাজ উন্নয়ন কেন্দ্র, পাবনা। |
| ৩৭. | শিসউক (শিক্ষা স্বাস্থ্য উন্নয়ন কার্যক্রম), পাবনা | প্রতিবেদন না পাওয়ায় তথ্য অর্ন্তভুক্ত করা যায়নি। | সভার ১ সপ্তাহ পূর্বে মাসিক প্রতিবেদন প্রেরণ করতে হবে। | প্রোগ্রাম অফিসার শিসউক (শিক্ষা স্বাস্থ্য উন্নয়ন কার্যক্রম), পাবনা। |
| ৩৮. | কমিউনিটি ইনেশিয়েটিভ সোসাইটি (সিআইএস) পাবনা | দুর্যোগ ব্যবস্থাপনা সচেতনতা কার্যক্রম ০৩টি, সভা অনুষ্ঠিত হয়েছে। এছাড়াও ১২৫টি সাবান বিতরণ করা হয়েছে। | সকল প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | নির্বাহী পরিচালক, কমিউনিটি ইনশিয়েটিভ সোসাইটি (সিআইএস)। |
| ৩৯. | দিশা স্বেচ্ছাসেবী আর্থ-সামাজিক উন্নয়ন ও মানবিক কল্যাণ সংস্থা | সংস্থাটি কর্তৃক সঞ্চয় আদায়, ঋণ বিতরণ, সদস্য/অভিভাবকের মৃত্যুতে আপদকালীন সুবিধা, শিক্ষা বৃত্তি, সোলার হোম সিস্টেম, বায়োগ্যাস প্রান্ট, স্বাস্থ্য সেবা, রেমিটেন্স ইত্যাদি কার্যক্রম পরিচালনা করা হয়েছে। | সকল প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | এরিয়া ম্যানেজার, দিশা স্বেচ্ছাসেবী আর্থ-সামাজিক উন্নয়ন ও মানবিক কল্যাণ সংস্থা, পাবনা। |
| ৪০. | ঢাকা কমিউনিটি হাসপাতাল (ডিসিএইচ) ট্রাস্ট, পাবনা | সংস্থাটি পাবনা পৌরসভা এলাকায় প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান, স্বাস্থ্যকর্মী দ্বারা স্থানীয় জনসাধারণের মাঝে পরিস্কার পরিচ্ছন্নতা সচেতনতা কার্যক্রম, পারিবারিক স্বাস্থ্য কার্ড, হোম ভিজিট, রক্তচাপ ও ডায়াবেটিক পরীক্ষা, পুষ্টি শিক্ষা, গর্ভবতী মায়ের স্বাস্থ্য পরিচর্যা (ANC), প্রসব পরবর্তী মায়ের যত্ন (PNC)- কার্যক্রম পরিচালনা করা হয়। | সকল প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | চেয়ারম্যান, ঢাকা কমিউনিটি হাসপাতাল (ডিসিএইচ) ট্রাস্ট, পাবনা। |
| ৪১. | সাজেদা ফাউন্ডেশন, পাবনা | প্রতিবেদন না পাওয়ায় তথ্য অর্ন্তভুক্ত করা যায়নি। | সভার ১ সপ্তাহ পূর্বে মাসিক প্রতিবেদন প্রেরণ করতে হবে। | আঞ্চলিক পরিচালক, সাজেদা ফাউন্ডেশন, পাবনা। |
| ৪২. | শহীদ ডাঃ ফজলে রাব্বী ফাউন্ডেশন | শিক্ষা কর্মসূচি- শিক্ষা কেন্দ্রের সংখ্যা ১টি শিক্ষার্থী সংখ্যা ৩০জন। সেলাই প্রশিক্ষণ প্রদান করা হয়েছে ৩০ জনকে। | সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | নির্বাহী পরিচালক শহীদ ডাঃ ফজলে রাব্বী ফাউন্ডেশন। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪৩. | আলোর দিশারী সমাজ কল্যাণ সংস্থা | প্রতিবেদন না পাওয়ায় তথ্য অর্ন্তভুক্ত করা যায়নি। | **সভার ১ সপ্তাহ পূর্বে মাসিক প্রতিবেদন প্রেরণ করতে হবে।** | নির্বাহী পরিচালক আলোর দিশারী সমাজ কল্যাণ সংস্থা। |
| ৪৪. | হেলেন কেলার ইন্টারন্যাশনাল, পাবনা | অত্র সংস্থা কর্তৃক আলোচ্য মাসে Scaling up Diabetic Retinopathy Services (SDRS) in Bangladesh, Phase-৩ প্রকল্পের আওতায় ১৭৯ জনের ডায়াবেটিস জনিত চোখের সমস্যার পরীক্ষা, ১৭৯ জনের কাউন্সিলিং ও আলোচনার মাধ্যমে সচেতনতা সৃষ্টি, ৩৭জন ডায়াবেটিক রেটিনোপ্যাথি সমস্যার রোগী চিহ্নিতকরন, ২৯ জনের লেজার থেরাপি ও ইনজেকশনের মাধ্যমে চিকিৎসার জন্য পাঠানো হয়েছে। এছাড়া চোখের বিভিন্ন সমস্যার চিকিৎসা ও পরামর্শ প্রদান করা হয়েছে। | **প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে।** | হেলথ এডুকেশন অফিসার হেলেন কেলার ইন্টারন্যাশনাল, পাবনা। |
| ৪৫. | বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট), পাবনা | প্রতিবেদন না পাওয়ায় তথ্য অর্ন্তভুক্ত করা যায়নি। | সভার ১ সপ্তাহ পূর্বে মাসিক প্রতিবেদন প্রেরণ করতে হবে। | সমন্বয়কারী বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট), পাবনা। |
| ৪৬. | এসকেএস ফাউন্ডেশন | প্রতিবেদন না পাওয়ায় তথ্য অর্ন্তভুক্ত করা যায়নি। | **সভার ১ সপ্তাহ পূর্বে মাসিক প্রতিবেদন প্রেরণ করতে হবে।** | নির্বাহী পরিচালক এসকেএস ফাউন্ডেশন। |
| ৪৭. | জাগরণ সমাজ কল্যাণ সংস্থা | **সংস্থাটি ক্ষুদ্র ঋণ কার্যক্রম পরিচালনাসহ কৃষি ভিত্তিক প্রশিক্ষণ, সেলাই প্রশিক্ষণ, সেনিটেশন কার্যক্রম, স্বাস্থ্য সেবা ও সহায়তা কার্যক্রম, বৃক্ষরোপন কার্যক্রম, শিক্ষা সহায়তা কার্যক্রম পরিচালনা করছে।** | **সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে।** | নির্বাহী পরিচালক জাগরণ সমাজ কল্যাণ সংস্থা। |
| ৪৮ | বাংলাদেশ হাইপারটেনশন কন্ট্রোল ইনিশিয়েটিভ, ন্যাশনাল হার্ড ফাউন্ডেশন | **এনসিডি কর্ণারের কার্যক্রম ফলো আপ:** জেলার সকল উপজেলায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে উচ্চ রক্তচাপ ও ডায়াবেটিকসসহ অসংক্রামক রোগের বিনামূল্যে চিকিৎসা ও ঔষধ প্রদানের লক্ষ্যে এনসিডি (নন-কমিউনিকেবলডিজিজ কন্ট্রোল) কর্ণার প্রতিষ্ঠিত হয়েছে এবং এর কার্যক্রম নিয়মিত ফলো-আপ করা হচ্ছে। এনসিডির সকল নিবন্ধিত রোগীপ্রতি মাসে ফলোআপে এনসিডি কর্ণারে এসে এক মাসের ঔষধ গ্রহণ করছে।<br>**ডিজিটাল তথ্য সংরক্ষন:** এনসিডি কর্নারের সকল রেজিস্টার্ড রোগীর তথ্য ডিজিটাল পদ্ধতিতে সংরক্ষণ ও বিশ্লেষণ করা হচ্ছে। সিম্পল অ্যাপস নামক একটি অ্যাপসের মাধ্যমে এই তথ্য সংরক্ষণ করা হচ্ছে। এই তথ্য সমূহ সরকারের স্বাস্থ্য মন্ত্রনালয়ের ডিএইচএস-টুতে সংরক্ষণ করা হচ্ছে। এই অ্যাপসের মাধ্যমে রোগীর তথ্য, রোগের তথ্য, ঔষধের তথ্য, ফলোআপে না আসা রোগীর তথ্য ও তথ্য বিশ্লেষনে ফলাফল সংরক্ষণ হয়।<br>**কমিউনিটি পর্যায়ে কার্যক্রম:** কম্যুনিটি হেলথ কেয়ার প্রোভাইডার (সিএইচসিপি) ও কম্যুনিটি সাপোর্ট গ্রুপের প্রতিনিধি (স্থানীয় সরকার সদস্য) দের এনসিডি কার্যক্রমের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। কম্যুনিটি ক্লিনিক হতে এনসিডি কর্ণারে এনসিডি রোগী রেফার ব্যবস্থা শক্তিশালী করণ হয়েছে, কম্যুনিটি সাপোর্ট গ্রুপের প্রতিনিধিরা কম্যুনিটিতে এনসিডি কার্যক্রমের প্রচারণা চালাচ্ছেন। | সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | **ডেপুটি প্রোগ্রাম ডাইরেক্টর** |
| ৪৯ | **শক্তি ফাউন্ডেশন** | প্রতিবেদন না পাওয়ায় তথ্য অর্ন্তভুক্ত করা যায়নি। | **সভার ১ সপ্তাহ পূর্বে মাসিক প্রতিবেদন প্রেরণ করতে হবে।** | **নির্বাহী পরিচালক শক্তি ফাউন্ডেশন** |

## বিবিধ আলোচনা ও সিদ্ধান্তঃ

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | জেলা এনজিও বিষয়ক সমন্বয় সভার রেজিস্ট্রার দৃষ্টে দেখা যায় কিছু কিছু এনজিও প্রতিনিধি নিয়মিত সভায় উপস্থিত থাকছেন না। সকলকে নিয়মিত উপস্থিত এবং কার্যক্রমের মাসিক প্রতিবেদন প্রেরণের জন্য আহবান করা হয়। | ১। প্রত্যেক সভায় নিয়মিত উপস্থিত হতে হবে।<br>২। পর পর তিনটি সভায় যে সকল এনজিও অনুপস্থিত থাকবে তাদের তথ্য এনজিও বিষয়ক ব্যুরোতে প্রেরণ করতে হবে। | ১। সকল এনজিও, জেলা এনজিও বিষয়ক সমন্বয় সভা, পাবনা।<br>২। সহকারী কমিশনার, সাধারণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা। |
| ০২. | যে সকল সংস্থা জনস্বাস্থ্য নিয়ে কার্যক্রম পরিচালনা করেন তারা স্থানীয় প্রশাসন, স্বাস্থ্য বিভাগ ও জনপ্রতিনিধিদের সাথে সমন্বয় করে তাদের কার্যক্রম পরিচালনা এবং যে সকল এনজিও স্বাস্থ্য বিষয়ক কার্যক্রম পরিচালনা করে তাদেরকে কাজের ক্ষেত্রে বৈধতা, বিশেষজ্ঞ ডাক্তারের পরামর্শ নিয়ে এবং স্বাস্থ্যসম্মত উপায়ে কাজ করার জন্য অনুরোধ জানানো হয়। এছাড়া সকল কার্যক্রম সংশ্লিষ্ট সরকারি দপ্তরের সাথে অবশ্যই সমন্বয় করে পরিচালনা করার বিষয়ে আলোচনা করা হয়। | **স্থানীয় প্রশাসন, সংশ্লিষ্ট সরকারি দপ্তর ও স্থানীয় জনপ্রতিনিধিদের সাথে সমন্বয় করে উপকারভোগী বাছাই করতে হবে।** | সকল এনজিও, পাবনা। |
| ০৩. | এনজিওদের প্রত্যন্ত অঞ্চলের সুবিধা বঞ্চিত মানুষদের নিয়ে কাজ করার বিষয় জোরালো পদক্ষেপ গ্রহণের জন্য আহ্বান করা হয়। এসডিজির লক্ষ্যমাত্রাসমুহের সাথে সামঞ্জস্যপূর্ণ প্রকল্প গ্রহণ করতে হবে। উপকারভোগী বাছাই এর ক্ষেত্রে তৃতীয় লিঙ্গের জনগোষ্ঠী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীসহ পিছিয়ে পড়া জনগোষ্ঠীদের অগ্রাধিকার দেওয়ার জন্য সকল এনজিওর প্রতি আহ্বান জানানো হয়। | ১। এসডিজির লক্ষ্যমাত্রাসমুহের সাথে সামঞ্জস্যপূর্ণ প্রকল্প গ্রহণ করতে হবে।<br>২। উপকারভোগী বাছাই এর ক্ষেত্রে তৃতীয় লিঙ্গের জনগোষ্ঠী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও পিছিয়ে পড়া জনগোষ্ঠীদের অগ্রাধিকার দিতে হবে। | সকল এনজিও, জেলা এনজিও বিষয়ক সমন্বয় সভা, পাবনা। |
| ০৪. | এনজিওসমূহ সরকারি বিধিবিধান মেনে জনগণের চাহিদার সাথে সঙ্গতি রেখে তাদের কর্মকান্ড পরিচালনা করবে এবং একই ধরণের প্রকল্প যাতে বার বার একই এলাকায় পরিচালিত না হয় সে দিকে লক্ষ্য রাখার জন্য সভায় আহ্বান জানানো হয়। এছাড়াও এনজিওদের নিয়ে কাজ করে সংশ্লিষ্ট সরকারি অফিসসমূহকে নিয়মিত এনজিও পরিদর্শন, তাদের কাজের মনিটরিং এবং সঠিক গাইডলাইন প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। | ১। এনজিও অফিস সমূহ নিয়মিত পরিদর্শন করে এনজিও কর্তৃক পরিচালিত কাজের তদারকি করতে হবে।<br>২। দরিদ্র জনগোষ্ঠী নিয়ে যে সকল এনজিও কাজ করে তাদের সেবা ঠিকমত দরিদ্র জনগোষ্ঠীর নিকট পৌঁছায় কিনা সে বিষয়ে নিয়মিত তদারকি করতে হবে।<br>৪। এনজিও সমূহকে সরকারি বিধিবিধান মেনে কাজ করতে হবে। | ১। উপপরিচালক, জেলা সমাজসেবা অধিদপ্তর, পাবনা<br>২। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, পাবনা<br>৩। উপপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, পাবনা<br>৪। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, পাবনা।<br>৫। সংশ্লিষ্ট সকল এনজিও, পাবনা |
| ০৫. | প্রতি মাসে Microsoft Power Point Presentation এর মাধ্যমে এনজিওসমূহ তাদের লক্ষ্য, উদ্দেশ্য ও সাম্প্রতিক কার্যক্রমের প্রতিবেদন উপস্থাপন করেন। জানুয়ারি ২০২৪ মাসে জাগরণী চক্র ফাইন্ডেশন তাদের কার্যক্রম সম্পর্কে উপস্থাপন করেন, তাদের উপস্থাপনার মান সন্তোষজনক। পরবর্তীতে যে সকল এনজিও Presentation দিবে তাদেরকে পরিসংখ্যান ভিত্তিক অত্র জেলায় পরিচালিত সাম্প্রতিক কার্যক্রমের তথ্য, বর্ণনা ও ছবি সম্বলিত Presentation তৈরি করতে আহ্বান জানানো হয়। | ফেব্রুয়ারি, ২০২৪ মাসে টিএমএস পাবনা তাদের Power Point Presentation উপস্থাপন করবেন। Presentation উপস্থাপনের ক্ষেত্রে পরিসংখ্যান ভিত্তিক, অত্র জেলায় পরিচালিত সাম্প্রতিক কার্যক্রমের তথ্য, বর্ণনা ও ছবি সংযুক্ত Presentation তৈরি করতে হবে। | নির্বাহী পরিচালক, টিএমএস |

**সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।**

১৮/২/২৪

(আব্দুল্লাহ-আল-মামুন)
জেলা প্রশাসক (ভারপ্রাপ্ত)
পাবনা
ফোনঃ ০২-৫৮৮৮৪৫৪৯৯
email: dcpabna@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা
(সাধারণ শাখা)
www.pabna.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৭৬০০.০১০.১৩.০০২.২৪- ৯৮

তারিখ : ০৯ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
২৩ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে) জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়ঃ

০১. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্লট-ই-১৩/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
০২. বিভাগীয় কমিশনার, রাজশাহী ।
০৩. পুলিশ সুপার, পাবনা।
০৪. সিভিল সার্জন, পাবনা।
০৫. নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, পাবনা।
০৬. নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর, পাবনা।
০৭. উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, পাবনা।
০৮. উপপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, পাবনা।
০৯. উপজেলা নির্বাহী অফিসার, ..........................(সকল), পাবনা।
১০. জেলা শিক্ষা অফিসার, পাবনা।
১১. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, পাবনা ।
১২. জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, পাবনা
১৩. জেলা প্রানিসম্পদ কর্মকর্তা, পাবনা।
১৪. উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, পাবনা
১৫. উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, পাবনা
১৬. অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, পাবনা
১৭. উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, পাবনা
১৮. উপপরিচালক, বি.আর.ডি.বি, পাবন
১৯. সিনিয়র তথ্য অফিসার, পাবনা
২০. সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, পাবনা
২১. প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, পাবনা
২২. সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, পাবনা
২৩. আঞ্চলিক ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, পাবনা
২৪. ................................................................... পাবনা

২৩.০১.২৪

(শরিফ আহম্মেদ)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
পাবনা
ফোনঃ ০২-৫৮৮৮৪৫৫৪১

পরিশিষ্ট 'ক'

সভায় উপস্থিত/অনুপস্থিত এনজিওসমূহের তালিকাঃ

| ক্রমিক নং | উপস্থিত সংস্থার নাম | ক্রমিক নং | অনুপস্থিত সংস্থার নাম |
|---|---|---|---|
| ০১ | আশা। | ০১ | অনন্যা সমাজ কল্যান সংস্থা। |
| ০২ | আসিয়াব। | ০২ | সুচিতা সমাজ উন্নয়ন সংস্থা। |
| ০৩ | এফ.পি.এ.বি। | ০৩ | কাশিনাথপুর গণস্বাস্থ্য কেন্দ্র। |
| ০৪ | ওয়াই.ডাব্লিউ. সি. এ। | ০৪ | শাপলা সমাজ উন্নয়ন কেন্দ্র। |
| ০৫ | ওসাকা। | ০৫ | শিসউক (শিক্ষা স্বাস্থ্য উন্নয়ন কার্যক্রম)। |
| ০৬ | জাগরণী চক্র ফাউন্ডেশন। | ০৬ | আলোর দিশারী সমাজ কল্যাণ সংস্থা। |
| ০৭ | টি.এম.এস.এস। | ০৭ | এসকেএস ফাউন্ডেশন। |
| ০৮ | দিগন্ত সমাজ কল্যাণ সমিতি। | | |
| ০৯ | দর্পন সমাজ উন্নয়ন সংস্থা। | | |
| ১০ | দুলাই জনকল্যাণ সংস্থা। | | |
| ১১ | পিসিডি। | | |
| ১২ | পাবনা প্রতিশ্রুতি। | | |
| ১৩ | প্রত্যাশা। | | |
| ১৪ | ব্র্যাক। | | |
| ১৫ | মুসলিম এইড। | | |
| ১৬ | মানবিক সাহায্য সংস্থা। | | |
| ১৭ | যমুনা সমাজ কল্যাণ সংস্থা। | | |
| ১৮ | লেপ্রা বাংলাদেশ। | | |
| ১৯ | সিসিডিবি, জালালপুর, পাবনা। | | |
| ২০ | স্বর্ণালী মহিলা সমিতি (এসএমএস)। | | |
| ২১ | সূচনা সমাজ কল্যাণ সংস্থা। | | |
| ২২ | আর এইচ স্টেপ। | | |
| ২৩ | মানব শক্তি উন্নয়ন কেন্দ্র। (মাশউক) | | |
| ২৪ | অধিকার সমাজ কল্যাণ সংস্থা। | | |
| ২৫ | এনডিপি। | | |
| ২৬ | বুড়ো। | | |
| ২৭ | প্রচেষ্টা সমাজ উন্নয়ন সোসাইটি | | |
| ২৮ | গ্রাম উন্নয়ন কর্ম (গাক)। | | |
| ২৯ | বাংলাদেশ মহিলা পরিষদ। | | |
| ৩০ | বুরো বাংলাদেশ। | | |
| ৩১ | প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র | | |
| ৩২ | আলহাজ্ব খোদেজা আমিন ফাউন্ডেশন (আকাফ)। | | |
| ৩৩ | কমিউনিটি ইনিশিয়েটিভ সোসাইটি (সিআইএস)। | | |
| ৩৪ | দিশা স্বেচ্ছাসেবী আর্থ-সামাজিক উন্নয়ন ও মানবিক কল্যাণ সংস্থা। | | |
| ৩৫ | ঢাকা কমিউনিটি হাসপাতাল ট্রাস্ট। | | |
| ৩৬ | সাজেদা ফাউন্ডেশন। | | |
| ৩৭ | শহীদ ডাঃ ফজলে রাব্বী ফাউন্ডেশন। | | |
| ৩৮ | হেলেন কেলার ইন্টারন্যাশনাল, বাংলাদেশ। | | |
| ৩৯ | বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)। | | |
| ৪০ | জাগরন সমাজ কল্যাণ সংস্থা। | | |
| ৪১ | বাংলাদেশ হাইপারটেনশন কেন্ট্রাল ইনিশিয়েটিভ, ন্যাশনাল হার্ড ফাউন্ডেশন | | |
| ৪২ | শক্তি ফাউন্ডেশন | | |